

কৃষিই সমৃদ্ধি

তাগিদাপত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং-১২.১০.০০০০.০০৬.৪০.০৭৮.১২৩-১৩/২১১৮৯ (৬০)

তারিখঃ ১৯/১০/২০১৫ খ্রিঃ

প্রাপক,

উপ পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

..... জেলা (সকল)

বিষয়ঃ বিভিন্ন জেলায় ভেজাল সার বাজারজাতকরণ রোধে কর্মতৎপরতা বৃদ্ধি এবং গৃহিত ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১। অত্র দপ্তরের স্মারক নং-সরে/উপ/২৪০৩(৭৭) তাংঃ ৪/০৩/২০১২খ্রিঃ।

২। অত্র দপ্তরের স্মারক নং-৭৮৬৪(৭৫ তাংঃ ০৩/০৯/২০১৩ খ্রিঃ।

সূত্রস্থ স্মারকদ্বয় মূলে ভেজাল সার উৎপাদন ও বাজারজাতকরণ রোধে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে কোন কোন জেলা/উপজেলা থেকে এতদবিষয়ক তৎপরতা বৃদ্ধি ও গৃহিত ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদনও পাওয়া যাচ্ছে। কিন্তু সকল জেলা থেকে নিয়মিতভাবে সুস্পষ্ট প্রতিবেদন না পাওয়ার কারণে সংশ্লিষ্ট বিষয়ে সম্যক অবগত হওয়া যাচ্ছে না এবং প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ সম্ভব হচ্ছে না। বিশেষভাবে উল্লেখ্য যে, এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী ভেজাল সার বাজারজাতকরণের অপচেষ্টায় লিপ্ত থাকার কারণে সাধারণ কৃষকগণ ক্ষতিগ্রস্ত হতে পারেন এবং ফসলের উৎপাদনশীলতা কমে যেতে পারে। এজন্য ভেজাল সার বাজারজাত রোধে নিয়মিত শক্তিশালী মনিটরিং কার্যক্রমসহ প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাদের বিশেষ নির্দেশনা প্রদানপূর্বক নির্দেশিত ব্যবস্থা কার্যকর হচ্ছে কিনা তা ব্যক্তিগতভাবে তদারকির জন্য বলা হয়েছিল।

মনিটরিং কাজের অংশ হিসাবে সারের নমুনা পরীক্ষার জন্য উপজেলা পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। প্রাপ্ত প্রতিবেদন থেকে লক্ষণীয় যে, সকল উপজেলা থেকে নমুনা পরীক্ষার কার্যক্রম গ্রহণ করা হয় না এবং বরাদ্দকৃত অর্থ অব্যয়িত থেকে যায়-যা গ্রহণযোগ্য নহে।

সূত্রস্থ স্মারক মূলে পূর্বে প্রেরিত ছকে প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর {দৃষ্টি আকর্ষণঃ উপ পরিচালক (উপকরণ)} বরাবরে প্রেরণের জন্য পুনঃ তাগিদ দেয়া হলো।

(চৈতন্য কুমার দাস)

পরিচালক (উপকরণ)

ফোনঃ ৮১২৩১৪৭

অনুলিপিঃ

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল (সকল)।

২। উপ পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকাকে প্রেরিত পত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।